



উজিরপুর (বরিশাল) : শিকারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে প্রথম সাময়িক পরীক্ষা দিচ্ছে —ইত্তেফাক

## স্কুল ভবন ভেঙে পড়ার আশঙ্কায় মাঠে ক্লাস

■ উজিরপুর (বরিশাল) সংবাদদাতা

উজিরপুরে খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পাঠদান ও পরীক্ষা কার্যক্রম চালানো হচ্ছে।

উজিরপুর উপজেলার শিকারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ভেঙে পড়ার আশঙ্কায় খোলা আকাশের নিচে চলছে শিক্ষার্থীদের পাঠদান ও পরীক্ষা। দু' বছর আগে বিদ্যালয়টি পরিভ্রমণ ঘোষণা করা হয়েছে। শিকারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ১৯৪২ সালে প্রতিষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক আইন বাণেশ্বর মুখা জানান, বর্তমান

স্কুলে ৬ জন শিক্ষকসহ প্রায় ২৭ জন শিক্ষার্থী রয়েছে। ১৯৯৪ সালে তিন কক্ষ বিশিষ্ট একটি ভবন করা হয়। এরপর আর কোন উন্নয়ন হয়নি। ২০১৩ সালে উপজেলা সহকারী শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী স্কুল পরিদর্শন করে পরিত্যক্ত ঘোষণা করেন। এখানে শিক্ষার্থীদের ক্লাস নেয়া যায় না। তাই খোলা আকাশের নিচে পাঠদান এবং পরীক্ষা নেয়া হচ্ছে।

উপজেলা শিক্ষা অফিসার শহিদুল ইসলাম জানান, দ্রুত উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।